



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্য ভবন, রমনা, ঢাকা
www.fisheries.gov.bd

নং-৩৩.০২.০০০০.১২১.০৩.০০১.১৯.৬০

তারিখ: ০৮/০৬/২০২০খ্রি.

বিষয়: 'জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান নির্দেশিকা (Guidelines), ২০১৯' মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জেলেদের নিবন্ধন কার্যক্রম বাস্তবায়নের জন্য মাঠ পর্যায়ে বিগত ১৫/০৩/২০২০খ্রি, তারিখ বরাদ্দ প্রদান করা হয়েছে। নির্দেশিকার ৮.২ অনুচ্ছেদমতে "উপজেলা পর্যায়ে নিবন্ধন ও হালনাগাদ প্রক্রিয়ার ব্যয় নির্বাহের জন্য মহাপরিচালক রাজস্ব বাজেটের নিবন্ধন ফি কোড হইতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করিবে এবং উক্ত অর্থ সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা বলবৎ সরকারি বিধিবিধান অনুসারে ব্যয় করিবে এবং বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক কর্তৃক নিরীক্ষাযোগ্য হইবে" মর্মে উল্লেখ রয়েছে।

০২। দেশের সর্বত্র বরাদ্দকৃত অর্থ একইরকমভাবে ব্যয়ের সুবিধার্থে (unified) মৎস্য অধিদপ্তরের রাজস্ব বাজেটের নিবন্ধন ফি কোড হতে বরাদ্দকৃত অর্থ নিম্নরূপে ব্যয় করা যেতে পারে:

গণনাকারী/তথ্য সংগ্রহকারী	ডাটা এন্ট্রি (প্রিন্টসহ)	ছবি উঠানো (প্রিন্ট সহ)	জেলে প্রতি মোট নিবন্ধন ব্যয়	মন্তব্য
৩০ টাকা	২০ টাকা	৮০ টাকা	১৩০ টাকা	ইউনিয়ন পরিষদ তথ্য সেবা কেন্দ্রে যেয়ে জেলেরা ছবি উঠাবে।

০৩। অনুচ্ছেদ ১০(ঙ) এ সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা "কমিটি প্রদত্ত এই নির্দেশমালার অধীন অন্য কোনো পরামর্শ অনুযায়ী কার্যক্রম গ্রহণ" করবে মর্মে উল্লেখ রয়েছে। তাই ব্যয়ের বিষয়ে কমিটিতে বর্ণিত বিভাজন উপস্থাপনপূর্বক আলোচনাক্রমে সিদ্ধান্ত গ্রহণ করে কার্যক্রম বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ সিরাজুর রহমান)

উপপরিচালক (মৎস্যচাষ)

ফোন: ০২-৯৫৬১৫৯২

ই-মেইল: ddaqua@fisheries.gov.bd

উপপরিচালক

মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, উত্তরা, ঢাকা/ রাজশাহী বিভাগ, রাজশাহী/
খুলনা বিভাগ, খুলনা/সিলেট বিভাগ, সিলেট/বরিশাল বিভাগ, বরিশাল/
রংপুর বিভাগ, রংপুর/ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ/ চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা।

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি :

১. জেলা মৎস্য কর্মকর্তা (সকল).....।
২. সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল).....।

জ্ঞাতার্থে অনুলিপি :

১. মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. সংশ্লিষ্ট নথি।